শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৬৯.২০-৯২

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

বিষয়: যশোর জেলার শার্শা উপজেলাধীন মহিষা পীর আব্দুস ছোবহান আলিম মাদ্রাসা-এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে BSR যথাযথভাবে প্রণীত না হওয়ায় প্রমাণকসহ BSR পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) DIA-এর স্মারক নং-ডিআইএ/যশোর/৩১৮-এম/খুলনা: ৯৭৫, তারিখ: ২৪/১০/২০১৬ খ্রি:
(২) DME-এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৯.৪০.১৯-১৮০, তারিখ: ২৬/১১/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে যশোর জেলার শার্শা উপজেলাধীন মহিষা পীর আব্দুস ছোবহান আলিম মাদ্রাসা-এর BSR ডিজি, ডিএমই এর সুপারিশসহ টিএমইডি-তে পাওয়া গেছে।

০২. প্রাপ্ত BSR টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয় :

| পরিদর্শন প্রতিবেদন এর ক্রমিক নং | ডিআইএ এর আপত্তি | ডিআইএ এর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি, ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ (চ) | স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর শেষে প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে স্টক টেকিং নিয়মিতভাবে করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুনরায় BSR আগামী ২০.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে অনুরোধ করা যেতে পারে। |
| ১ (ছ) | ফাইল রেজিষ্টার, স্টক রেজিষ্টার, ডিমান্ড এন্ড রিসিপ্ট রেজিষ্টার, ডেসপাচ রেজিষ্টার, চেক রেজিষ্টার, সাবসিডিয়ারী রেজিষ্টার চালু নেই। উল্লেখিত রেজিষ্টারসমূহ চালু করতে হবে এবং তাহা যথাযথাভাবে সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে চালু হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১ (ঝ) | বর্তমানে প্রতিষ্ঠানে ২১ জন শিক্ষক কর্মরত আছেন। মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২০% হিসেবে ২১ জনের মধ্যে মহিলা শিক্ষক ৪.২০ জন। বর্তমানে কোন মহিলা শিক্ষক কর্মরত নেই। শিক্ষক নিয়োগকালে মহিলা কোটা সংরক্ষণ করতে হবে। | বিধি মোতাবেক অনুসরণযোগ্য। | বর্তমানে মহিলা শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে কিনা এবং কতজন কর্মরত আছেন তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ২ (খ) | প্রতিষ্ঠানের অবকাঠামো সন্তোষজনক নয়। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নয়ন করে শিক্ষক মিলনায়তন, ছাত্রী মিলনাতয়ন এবং পাঠাগার এর ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে ভৌত অবকাঠামো উন্নয়ন করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩ (খ) ২ | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরি করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে পাঠ পরিকল্পনা তৈরি করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ (গ) | বিগত তিন বছরে কোন পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি লাভ করেনি। প্রতি বছর জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জে.ডি.সি. পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে বিশেষ পাঠদানের ব্যবস্থা করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৪ (ক) | ১. নিয়মিতভাবে আয়-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে।<br>২. কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিস্টারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৩. প্রতিষ্ঠানের সকল আয় সাধারণ তহবিলের ব্যাংক হিসাবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তালন করে ব্যয় করতে হবে।<br>৪. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্যবিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তিটি সম্পাদন করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৫ (খ) | প্রতিষ্ঠানে শিক্ষার্থী ঝড়ে পড়ার হার কমিয়ে আনার সর্বাত্মক উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হলো। | নির্দেশনা বাস্তবায়নে তৎপর হতে হবে। | বর্তমানে ঝড়ে পড়ার হার কমিয়ে আনা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

০৩. ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে সে অনুযায়ী BSR প্রণয়নপূর্বক টিএমইডি-তে প্রেরণ এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি BSR তৈরিক্রমে টিএমইডি-তে প্রেরণ করাও আবশ্যক।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের আপত্তির আলোকে ছকে বর্ণিত ৫ নং কলামের নির্দেশনা মোতাবেক ডিআইএ এর নির্দেশনাগুলো বাস্তবায়নক্রমে সে অনুযায়ী BSR পুনরায় তৈরিপূর্বক আগামী ২০.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং সে সাথে ভবিষ্যতে BSR প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনের জন্যও মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-১২-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৬৯.২০-৯২/১(৯)

তারিখ: ১০ পৌষ ১৪২৭
২৫ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৫) সভাপতি, ম্যানেজিং কমিটি, মহিষা পীর আব্দুস ছোবহান আলিম মাদ্রাসা, শার্শা, যশোর।
৬) অধ্যক্ষ, মহিষা পীর আব্দুস ছোবহান আলিম মাদ্রাসা, শার্শা, যশোর।

৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) উপ-সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) অফিস কপি, মাস্টার কপি।

২৫-১২-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব